

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ৫৬৩

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ জুলাই ২০২৫ খ্রি.

বিষয়: নতুন সমিতি গঠন ও পুরাতন সমিতিতে নতুন সদস্য অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় নতুন সমিতি গঠন ও পুরাতন সমিতিতে নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে অনুসরণীয় মাপকাঠি ও খাপ সমূহ প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ২য় পরিচ্ছেদে সুস্পষ্টভাবে বর্ণিত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকায় সুস্পষ্ট নির্দেশিকা থাকার পরও নতুন সমিতি গঠন বা পুরাতন সমিতিতে নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে নীতিমালার ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। পুরাতন সমিতিতে নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে নীতিমালা অনুসরণে প্রকল্পের সাংগঠনিক ফাইলে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এর অনুমোদন গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, প্রকল্পের আওতায় নতুন সমিতি গঠন ও পুরাতন সমিতিতে নতুন সদস্য অন্তর্ভুক্তি ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ২.২, ২.৩, ২.৪ ও ২.৫ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নতুন সমিতিতে ২০ জন সদস্যের কম হলে কোনো ক্রমেই স্বীকৃতি প্রদান করা যাবে না এবং স্বীকৃতি ব্যতিরেকে কোনো সমিতিতে ঋণ ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যাবে না। মৃত্যু, এলাকা ত্যাগী বা অন্য কোনো কারনে নিষ্ক্রিয় কোনো সদস্যকে বাদ দিয়ে নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ২.৩ (ক) এর সকল মানদণ্ড অনুসরণ করতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন : ০২-৪১০১০৩৪১

[iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা.....

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. উপপ্রকল্প পরিচালক (সকল), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
২. উপপরিচালক, বিআরডিবি ..... (সংশ্লিষ্ট জেলা)
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো ..... (সংশ্লিষ্ট উপজেলা)
৭. অফিস নথি/গার্ড ফাইল।